# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৭

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যে সব সিফাত মাখলূকাতের দিকে সম্পর্কিত করা হলে, মাখলূকাতের জন্য ত্রুটি হিসেবে গণ্য হয়, সেসব সিফাতকে মহান সৃষ্টিকর্তার দিকে সম্পর্কিত করা জায়েয নয়

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ كُلَّ صِفَةٍ إِذَا وُجِدَتْ فِي الْمَخْلُوقِينَ كَانَ لَهُمْ بِهَا النَّقْصُ غَيْرُ جَائِزٍ إِضَافَةُ مِثْلِهَا إِلَى الْبَارِي جَلَّ وَعَلَا

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفٍ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رَافِعٍ قَالَ حَدَّثَنَا شَبَابَةُ قَالَ حَدَّثَنَا وَرْقَاءُ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "قَالَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى: كَذَّبَنِي ابْنُ آدَمَ وَلَمْ يَكُنْ لَهُ أَنْ يُكَذِّبَنِي وَيَشْتُمُنِي ابْنُ آدَمَ وَلَمْ يَكُنْ يَنْبَغِي لَهُ أَنْ يَشْتُمَنِي فَأَمَّا تَكْذِيبُهُ إِيَّايَ فَقَوْلُهُ لَنْ يُعِيدَنِي كَمَا بَدَأَنِي أَوَ لَيْسَ أَوَّلُ خَلْقٍ بِأَهْوَنَ عَلَيَّ مِنْ إِعَادَتِهِ وَأَمَّا شَتْمُهُ إِيَّايَ فَقَوْلُهُ اتَّخَذَ اللَّهُ وَلَدًا وَأَنَا اللَّهُ الْأَحَدُ الصَّمَدُ لَمْ أَلِدْ وَلَمْ أُولَدْ وَلَمْ يَكُنْ لِي كفوا أحد".

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 267 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৬৭. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আল্লাহ তাবারাকা ওয়া তা‘আলা বলেছেন: “আদম সন্তান আমাকে মিথ্যা প্রতিপন্ন করে অথচ আমাকে মিথ্যা প্রতিপন্ন করা তার জন্য মোটেও সমীচীন নয়, আদম সন্তান আমাকে গালমন্দ করে অথচ আমাকে গালমন্দ করা তার জন্য মোটেও সমীচীন নয়। আমাকে সে মিথ্যা প্রতিপন্ন করে এভাবে যে, সে বলে: “তিনি আমাকে কখনই পুনরায় সৃষ্টি করতে পারবেন না, যেমনভাবে তিনি আমাকে প্রথমবার সৃষ্টি করেছেন।” অথচ দ্বিতীয়বার সৃষ্টি করার চেয়ে প্রথমবার সৃষ্টি করা আমার কাছে সহজ ছিল নয় কি? সে আমাকে গালমন্দ করে এভাবে যে, সে বলে: “আল্লাহ সন্তান গ্রহণ করেছেন!” অথচ আমি আল্লাহ এক, মুখাপেক্ষীহীন, আমি কাউকে জন্ম দেইনি, আর আমাকেও কেউ

জন্ম দেয়নি। আমার সমতুল্য কেউ নেই।”[1]

قال أبو حاتم رضي الله تعالى عَنْهُ: فِي قَوْلِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "أوليس أَوَّلُ خَلْقٍ بِأَهْوَنَ عَلَيَّ مِنْ إِعَادَتِهِ" فِيهِ الْبَيَانُ الْوَاضِحُ أَنَّ الصِّفَاتِ الَّتِي تُوقِعُ النَّقْصَ عَلَى مَنْ وُجِدَتْ فِيهِ غَيْرُ جَائِزٍ إِضَافَةُ مِثْلِهَا إِلَى اللَّهِ جَلَّ وَعَلَا إِذِ الْقِيَاسُ كَانَ يُوجِبُ أَنْ يُطْلِقَ بَدَلَ هَذِهِ اللَّفْظَةِ "بِأَهْوَنَ عَلَيَّ" بِأَصْعَبَ عَلَيَّ فَتَنَكَّبَ لَفْظَةَ التَّصْعِيبِ إِذْ هِيَ مِنْ أَلْفَاظِ النَّقْصِ وَأُبْدِلَتْ بِلَفْظِ التهوين الذي لا يشوبه ذلك.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বক্তব্য: “দ্বিতীয়বার সৃষ্টি করার চেয়ে প্রথমবার সৃষ্টি করা আমার কাছে সহজ ছিল নয় কি?” এখানে স্পষ্ট বর্ণনা রয়েছে যে, যেসব সিফাত কারো মাঝে পাওয়া গেলে তা ব্যক্তিকে ত্রুটিতে নিপতিত করে, এমন সিফাত মহান আল্লাহর দিকে সম্পর্কিত করা জায়েয নেই। কারণ উক্ত বাক্যের ক্ষেত্রে নিয়ম ছিল ‘আমার কাছে সহজ ছিল নয় কি’ এর পরিবর্তে ‘কঠিন ছিল নয় কি’ ব্যবহার করা। অতঃপর কঠিন শব্দটিকে পরিবর্তন করা হয়েছে। কারণ শব্দটি ত্রুটিবাচক। ফলে সহজ শব্দ দিয়ে পরিবর্তন করা হয়েছে, যাতে ত্রুটির কোন সংমিশ্রন নেই।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৯৩; সহীহ আল বুখারী: ৩১৯৩; নাসাঈ: ১০/১৭৫; ইবনু মান্দাহ: ১০৭৩।

হাদীসটির সানাদকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আন নাসাঈ: ১৯৬৫।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88566

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন